

## পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আবুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ২. ২৭. অহসিয় ২২ না ৪২ বছর বয়সে রাজা হলেন?

যিহূদা/ এহুদা/ এহুদিয়া রাজ্যের এক রাজা 'অহসিয়' (Ahaziah)। বাইবেল তাঁর বিষয়ে আলোচনা করেছে। রাজত্ব গ্রহণের সময় তাঁর বয়স কত ছিল সে বিষয়ে রাজাবলি ও বংশাবলি পুস্তকদ্বয়ের মধ্যে সাংঘর্ষিক বক্তব্য বিদ্যমান।

- (ক) প্রথম বর্ণনা: ২২ বছর: "অহসিয় বাইশ বছর বয়সে রাজত্ব করতে আরম্ভ করে জেরুশালেমে এক বছর রাজত্ব করেন।" (২ বাদশাহনামা/ রাজাবলি ৮/২৬)
- (খ) দ্বিতীয় বর্ণনা: ৪২ বছর: এর বিপরীতে ২ বংশাবলি/ খান্দাননামা ২২/২ বলছে যে, তিনি বিয়াল্লিশ বছরে রাজা হন। এ শ্লোকটার বাংলা অনুবাদের লুকোচুরি অনুধাবন করতে ইংরেজি পাঠ দেখুন। কিং জেমস ভার্শন: "Forty and two years old was Ahaziah when he began to reign" রিভাইজড স্টান্ডার্ড ভার্শন: "Ahaziah was forty-two years old when he began to reign."

আমরা দেখছি যে, উভয় ভার্শনেই বলা হচ্ছে: "অহসিয় বিয়াল্লিশ বৎসর বয়সে রাজত্ব করতে শুরু করলেন।" বাইবেল বিশেষজ্ঞরা একমত যে, বাইবেলের সকল হিব্রু পাণ্ডুলিপিতেই এখানে 'বিয়াল্লিশ' লেখা রয়েছে। এছাড়া প্রায় সকল প্রাচীন গ্রিক ও অন্যান্য পাণ্ডুলিপিতেও 'বিয়াল্লিশ' রয়েছে। শুধু দু-একটা গ্রিক এবং সিরীয় পাণ্ডুলিপিতে 'বিয়াল্লিশ' সংশোধন করে 'বাইশ' লেখা হয়েছে। যেহেতু কোনো হিব্রু পাণ্ডুলিপিতেই বাইশ নেই এবং গ্রিক পাণ্ডুলিপিগুলোও মূলত বিয়াল্লিশই লেখেছে সেহেতু সকল নির্ভরযোগ্য ইংরেজি অনুবাদে বিয়াল্লিশ লেখা হয়েছে। বাংলা কেরির অনুবাদ ও কিতাবুল মোকাদ্দস-২০১৩ এর অনুবাদ: "অহসিয় বেয়াল্লিশ বৎসর/ বছর বয়সে রাজত্ব করিতে/ করতে আরম্ভ করেন এবং যিরূশালেমে/ জেরুশালেমে এক বৎসরকাল/ বছর কাল রাজত্ব করেন।" এ অনুবাদে মূল অবিকৃত রয়েছে। কিন্তু পবিত্র বাইবেল-২০০০ ও কিতাবুল মোকাদ্দস-২০০৬ বিয়াল্লিশ পরিবর্তন করে বাইশ লেখেছে: "অহসিয় বাইশ বছর বয়সে বাদশাহ হয়েছিলেন।" (কিতাবুল মোকাদ্দস-২০০৬ ও পবিত্র বাইবেল ২০০০)

কিতাবুল মোকাদ্দস-২০০৬ এবং পবিত্র বাইবেল ২০০০-এর শুরুতে তাঁরা লেখেছেন: "Source Text for Old Testament: Biblia Hebraica: Masoretic Text in Hebrew: পুরাতন নিয়মের সূত্র: হিব্রু বাইবেলে: বাইবেলের হিব্রু পাঠ।" আর তাঁরা ভালভাবেই জানেন যে, কোনো হিব্রু পাণ্ডুলিপিতেই বাইশ নেই। কিন্তু তারপরও আমরা দেখছি যে, বাইবেলের মধ্যে বিদ্যমান এ অবিশ্বাস্য বৈপরীত্য গোপন করতে অনুবাদকরা মূল হিব্রু পাঠ পরিবর্তন করেছেন।



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন